

ঢাকা ওয়াসা

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
মডস জোন-২

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪০৫.০৭.০৬৮.২৩ নথির বিষয়: Repairing & maintenance work of water line leakage/brust/damage/contamination at Awlad Hossain lane to Nazira and adjacent area under MODS Zone-2. (Frame Work)

নোট: ১ নোটের বিষয়: Repairing & maintenance work of water line leakage/brust/damage/contamination at Awlad Hossain lane to Nazira and adjacent area under MODS Zone-2. (Frame Work)

অনুচ্ছেদ ১.০ - তারিখ: ৩০/৫/২৩ ৬:৩৮ অপরাহ্ন

মডস জোন-২ এর আওতাধীন আওলাদ হোসেন লেন, ফ্রেস রোড, কেপি ঘোষ স্ট্রীট, নয়াবাজার, ইউসুফ রোড, নর্থ সাউথ রোড, আবদুল হাদী লেন, বংশাল, সিদ্দিক বাজার এবং নাজিরা বাজারসহ তৎসংলগ্ন এলাকার রাস্তাগুলি অত্যন্ত সুরু বিধায় বিদ্যমান পানির লাইনগুলিতে অন্যান্য সেবামূলক প্রতিষ্ঠানগুলি তাদের কাজ করার সময় পানির লাইন ক্ষতিগ্রস্ত করে থাকে। ইহাছাড়াও উল্লেখিত এলাকার বেশ কিছু পানির লাইন পুরাতন এবং এসি পাইপের হওয়ায় লিকেজ বা ফেটে যাওয়ার হার অপেক্ষাকৃত বেশী। উল্লেখ্য যে, উল্লেখিত এলাকাগুলিতে সারফেস ওয়াটারের পর্যাপ্ত প্রেশার থাকায় প্রায় সময় সার্ভিস কানেকশনে লিকেজ হয়। উক্ত লিকেজের কারণে সাপ্লাইয়ের সময়ে প্রচুর পানি সিস্টেম হতে বের হয়ে পানির অপচয় হয় এবং অন্য সময়ে উক্ত লিকেজ/ ছিদ্র দিয়ে ময়লা পানি সিস্টেম নেটওয়ার্কে প্রবেশ করে পানি দূষিত করে। মডস জোন -২ এর আওতাধীন এলাকা সমূহ একটি ঘনবসতিপূর্ণ বানিজ্যিক এবং আবাসিক এলাকা। তাই অভিযোগ প্রাপ্তির সাথে সাথে লিকেজ মেরামত এবং ময়লা পানি প্রাপ্তি দূরীকরণ কাজ জরুরীভাবে সম্পন্ন করার ব্যবস্থা নিতে হয়। বর্তমানে মডস জোন-২ এ পিএলআই, পিএলএম, এ.পি.এল.এম ও হেলপারের সংখ্যা প্রয়োজনের তুলনায় অনেক কম। তাছাড়া তাদের মধ্যে অনেকেই অধিক বয়স্ক হওয়ায় মাটি কাটাসহ অন্যান্য ভারি কাজ করতে সমস্যা হয়। ফলে বাহিরের লেবার নিয়ে প্রায়ই কাজগুলো করতে হয়। তাছাড়া লিকেজ মেরামত ও কাজের প্রয়োজনীয় অনেক মালামাল বিভাগীয় ভান্ডারে মওজুদ না থাকায় বাহির থেকে ক্রয় করে কাজ করতে হয়। সার্বিক দিক বিবেচনায় মডস জোন-২ এর আওতাধীন এলাকায় বিভিন্ন স্থানে বিভিন্ন ব্যাসের পানির লাইনের লিকেজ মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজসমূহ জরুরী ভাবে সম্পাদন করার লক্ষ্যে একটি প্রাক্কলন তৈরি করা হলো। প্রাক্কলনটি ঢাকা ওয়াসার অনুমোদিত রেইট সিডিউলের দর অনুযায়ী তৈরি করা হয়েছে। উল্লেখ্য যে প্রাক্কলনে বিভাগীয় দরের অতিরিক্ত ১৫% বেশি ধরা হয়েছে যা ব্যবস্থাপনা পরিচালক মহোদয় কর্তৃক অনুমোদিত (কপি সংযুক্ত)। প্রাক্কলনে মোট টাকার পরিমাণ দাঁড়িয়েছে = ৪,৭১,৬৫৬/- (চার লক্ষ একাত্তর হাজার ছয়শত ছাপান্ন) টাকা মাত্র। আলোচ্য কাজটির খরচ ২০২২-২০২৩ইং অর্থবৎসরের অনুমোদিত সংশোধিত বার্ষিক কর্ম-পরিকল্পনায় ক্রমিক নং-৬.৪ WLM4 এ L.T.M পদ্ধতিতে দরপত্র আহবানের অনুমোদন রয়েছে।

অনুচ্ছেদ ১.১ - তারিখ: ৩০/৫/২৩ ৬:৪২ অপরাহ্ন


এমতাবস্থায়, উপরোক্ত বর্ণনার আলোকে “ Repairing & maintenance work of water line leakage/brust/damage/contamination at Awlad Hossain lane to Nazira and adjacent area under MODS Zone-2. (Frame Work) .” এর কাজটি দ্রুত সম্পন্ন করার লক্ষ্যে উপস্থাপিত সর্বমোট = ৪,৭১,৬৫৬/-

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা

(চার লক্ষ একাত্তর হাজার ছয়শত ছাপান্ন) টাকা মাত্র এর প্রাক্কলনটি L.T.M. পদ্ধতিতে দরপত্র আহবান সহ অনুমোদন দেয়া যেতে পারে, যাহা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

 ৩০/৫/২৩ ৬:৪২ অপরাহ্ন মোঃ ওমর ফারুক উপ-সহকারী প্রকৌশলী মডস জোন-২	 ৩০/৫/২৩ ৬:৪৭ অপরাহ্ন মোহাম্মদ ইখতিয়ার মাসউদ সহকারী প্রকৌশলী মডস জোন-২	 ১/৬/২৩ ১:৩০ অপরাহ্ন মোঃ ফিরোজ আলম নির্বাহী প্রকৌশলী মডস জোন-২	 ৩/৬/২৩ ৯:৩৬ অপরাহ্ন শেখ মোহাম্মদ আনোয়ার সাত্তার তত্ত্বাবধায়ক প্রকৌশলী মডস সার্কেল-১
			৬/৬/২৩ ৯:৩৬ অপরাহ্ন মোঃ কামরুল হাসান প্রধান প্রকৌশলী প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)

অনুচ্ছেদ ১.২ - তারিখ: ৬/৬/২৩ ৮:২৫ অপরাহ্ন
 অনুমোদিত

 ৬/৬/২৩ ৮:২৬ অপরাহ্ন মোঃ কামরুল হাসান প্রধান প্রকৌশলী প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)	 ৭/৬/২৩ ২:২২ অপরাহ্ন মোঃ ফিরোজ আলম নির্বাহী প্রকৌশলী মডস জোন-২	৭/৬/২৩ ২:২২ অপরাহ্ন মোঃ ওমর ফারুক উপ-সহকারী প্রকৌশলী মডস জোন-২
---	---	---

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা